# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 19.06.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) কলেজে স্নাতকস্তরে ভর্তিতে স্বচ্ছতার লক্ষ্যে রাজ্য সরকার আজ একটি অভিন্ন কেন্দ্রীয় পোর্টাল চালু করেছে।

২) জলদাপাড়ার হলং বনবাংলোতে আগুন লাগার ঘটনায় বন দফতর চার সদস্যের দল গঠন করেছে।

৩) রাজভবনের সামনে ধর্ণায় বসতে চেয়ে রাজ্যের বিরোধী দলনেতার আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট ।

৪) পুলিশ হেফাজতে পশ্চিম মেদিনীপুরের ডেবরার এক বিজেপি কর্মীর মৃত্যু মামলায় কলকাতা হাইকোর্ট স্ত্রীর উপস্থিতিতে ময়না তদন্তের নির্দেশ দিয়েছে।

বিজেপি এই ঘটনায় সি বি আই তদন্তের দাবি জানিয়েছে।

৫) উত্তর ২৪ পরগণার বারাসাতে ছেলেধরা সন্দেহে এক মহিলা সহ তিনজনকে গনপিটুনির ঘটনায় এলাকা আজ রণক্ষেত্র হয়ে ওঠে।

০০০০০০০০০০০০০০০০

কলেজে স্নাতকস্তরে ভর্তিতে স্বচ্ছতার লক্ষে রাজ্য সরকার আজ একটি অভিন্ন কেন্দ্রীয় পোর্টাল চালু করেছে। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু আজ বিকাশভবনে এর সূচনা করে বলেন, এই পোর্টালের মাধ্যমে রাজ্যের সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত ১৬টি বিশ্ববিদ্যালয়, ৪৬১টি কলেজে স্নাতকস্তরে সাত হাজার ২১৭টি কোর্সের পড়ুয়ারা ভর্তি হতে পারবে।

wbsche.wb.gov.in-এ গিয়ে বিনামূল্যে আবেদন করা যাবে। তবে যাদবপুর, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় এবং স্বশাসিত কলেজগুলি পোর্টালের বাইরে রয়েছে। শিক্ষামন্ত্রী জানান, প্রথম পর্যায়ে ২৪ জুন থেকে সাতই জুলাই পর্যন্ত ভর্তির আবেদন করা যাবে। একজন পড়ুয়ার জন্যে একটি আসনই বরাদ্দ থাকবে। যে কোন সহায়তার জন্যে টোল ফ্রি নম্বর ১৮০০-১০২-৮০১৪-ফোন করা যেতে পারে।

০০০০০০০০০০০০০০০০০

২০১১ সালে পাস করা টেট পরীক্ষার্থীদের লাইফ টাইম সার্টিফিকেট দেওয়ার উদ্যোগ নিয়েছে এস এস সি। এজন্য বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। এর আগে তাদের ৭ বছরের ভ্যালিডেশন সার্টিফিকেট দেওয়া হয়েছিল। নানা অব্যবস্থার কারণে এই সার্টিফিকেট আঞ্চলিক দফতর বা অনলাইনে দেওয়ার দাবি জানানো হয়। গোটা প্রক্রিয়া সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আজ এই বিজ্ঞপ্তি জারি করেছে এস এস সি।

০০০০০০০০০০০০০০০০০

জলদাপাড়ার হলং বনবাংলোতে অগ্নিকাণ্ডে ঘটনায় রাজ্য সরকার উদ্বেগ প্রকাশ করেছে। বিষয়টি খতিয়ে দেখতে বন দফতরের চার সদস্যের দল ঘটনাস্থলে যাচ্ছেন। বনমন্ত্রী বীরবাহা হাঁসদা জানান তিনি নিজেও কয়েকদিন পর সেখানে যাবেন । মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশ মতো নতুনভাবে এই পর্যটন কেন্দ্র তৈরি করতে আজ বন দফতরের শীর্ষ কর্তারা এক উচ্চ পর্যায়ের বৈঠক করেন। শ্রীমতী হাঁসদা জানান, অগ্নিকান্ড নিয়ে সমাজ মাধ্যমে নানা ধরনের খবর ছড়ানো হচ্ছে। কিন্তু পূর্ণাঙ্গ রিপোর্ট হাতে পাওয়ার পরই গোটা বিষয়টি সামনে আসবে।

এদিকে, ওই ঘটনায় পর্যটক মহলে শোকের ছায়া । সেখানকার কর্মীরা আজ কালো ব্যাজ পরে তাদের মর্মবেদনা প্রকাশ করেন।

oooooooooooooooo

বিজেপি, হলং বন বাংলো আগুনে ভষ্মীভূত হওয়ার ঘটনায় তৃণমূল কংগ্রেসকে দায়ী করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য, অভিযোগ করেন, রাজ্যের শাসক দল জল, জঙ্গল ও জমির অধিকার কড়ে নিতে বেশি আগ্রহী। কার্যত প্রকৃতির বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে তারা। ব্যবসায়িক ক্ষেত্রে অতিরিক্ত লাভ করার মনোভাবের কারণেই শাসক দল প্রাকৃতিক ভারসাম্যকে ধ্বংস করার কাজে এগিয়ে যাচ্ছে বলে তাঁর অভিযোগ।

oooooooooooooooo

ভোট পরবর্তী হিংসার প্রতিবাদে রাজভবনের সামনে ধর্ণায় বসতে চেয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আবেদন কলকাতা হাইকোর্ট,

খারিজ করে দিয়েছে। বিচারপতি অমৃতা সিনহা আজ শ্রী অধিকারিকে ধর্নার জন্য বিকল্প জায়গা খোঁজার নির্দেশ দেন।

উল্লেখ্য, হিংসায় আক্রান্তদের নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে যাওয়ার সময় রাজভবনের পুলিশী বাধার মুখে পড়েন বিরোধী দলনেতা। এরপরই পুলিশের কাছে ধর্ণায় বসার আবেদন জানান তিনি। গতকাল কলকাতা পুলিশ, রাজভবনের সামনে ১৪৪ ধারা জারি থাকার কারণ দেখিয়ে সেই আবেদন খারিজ করে দেওয়ায় হাইকোর্টের দ্বারস্থ হয় দল। এক্ষেত্রে পুলিশের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তোলা হয়েছে। কারণ এর আগে ১-শো দিনের কাজ সহ অন্যান্য প্রকল্পে কেন্দ্রীয় বঞ্চনার অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কে রাজভবনের বাইরে ধর্ণার অনুমতি দেওয়া হয়েছিল। বর্তমানে শুভেন্দু অধিকারীকে কেন অনুমতি দেওয়া হবে না, তা নিয়ে আদালতে প্রশ্ন তোলা হয়। বিচারপতি অবশ্য জানান, একজন আইন ভঙ্গ করলে, আর একজনকেও যে  করতে হবে তা আইন গ্রাহ্য নয়। এর আগেরবার তৃণমূল কংগ্রেসের ধর্ণার সময় ১৪৪ ধারা ভঙ্গ করায় পুলিশ কি ব্যবস্থা নিয়েছিল, তা রাজ্যে অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্তের কাছে জানতে চান বিচারপতি। আগামী শুক্রবার এই মামলার পরবর্তী শুনানির দিন স্থির হয়েছে।

oooooooooooooooo

রাজ্যের চার বিধানসভা আসনের উপ-নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ চলছে।  উত্তর ২৪ পরগনার বাগদা আসনে তৃণমূল কংগ্রেস প্রার্থী মধুপর্ণা ঠাকুর আজ মনোনয়নপত্র জমা দেন। মিছিল করে বনগাঁ মহকুমা শাসকের অফিসে গিয়ে প্রার্থী পদ দাখিল করেন তিনি। সঙ্গে ছিলেন

জেলা সভাপতি বিশ্বজিৎ দাস, জেলা পরিষদের সভাধিপতি নারায়ণ গোস্বামী প্রমুখ।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জ আসনে শাসক দলের প্রার্থী কৃষ্ণ কল্যাণীও আজ মনোনয়ন জমা দিয়েছেন। শহরের বেশ কয়েকটি কালীমন্দিরে পুজো দিয়ে তিনি কর্ণজোড়ায় মনোনয়নপত্র দাখিল করেন। তার সমর্থনে আজ রায়গঞ্জে প্রচারে যান তৃণমূল কংগ্রেস নেতা জয়প্রকাশ মজুমদার। বিধানসভা উপ-নির্বাচনে দল সবকটি আসনে জয় পাবে বলেও প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

অন্যদিকে, ওই আসনেরই বাম – কংগ্রেস জোট প্রার্থী মোহিত সেনগুপ্তও আজ মনোনয়নপত্র পেশ করেছেন।

oooooooooooooooooo

পুলিশ হেফাজতে পশ্চিম মেদিনীপুরের ডেবরার এক বিজেপি কর্মীর মৃত্যু মামলায় কলকাতা হাইকোর্ট স্ত্রীর উপস্থিতিতে ময়না তদন্তের নির্দেশ দিয়েছে। থানা এবং জেলের সিসিটিভির ফুটেজও সংরক্ষণ করতে বলা হয়েছে। একই সঙ্গে গোটা ঘটনার রিপোর্ট চেয়ে পাঠিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। রাজনৈতিক সংঘর্ষের ঘটনায় গত চৌঠা জুন পুলিশ সঞ্জয় বেরা নামে ওই বিজেপি কর্মীকে গ্রেফতার করে। পুলিশ হেফাজতে অসুস্থ হয়ে পড়ায় এস এস কে এম হাসপাতালে ভর্তি কার হয় তাঁকে। সেখানেই গতকাল তাঁর মৃত্যু হয়। পড়ে গিয়ে মাথায় চোট লাগার কারণে তাঁর মৃত্যু হয়েছে বলে পুলিশের পক্ষ থেকে জানানো হলেও তা মানতে নারাজ পরিবার। এরপরই হাইকোর্টে মামলা করেন সঞ্জয়ের স্ত্রী। বিচারপতি সিনহা

জানিয়েছেন, হাসপাতালের কোনো অভিজ্ঞ চিকিৎসকের তত্বাবধানে এবং পরিবারের উপস্থিতিতে ময়না তদন্ত হবে। গোটা প্রক্রিয়ার ভিডিওগ্রাফী করার নির্দেশ দেন তিনি। আগামী বুধবার এই মামলার পরবর্তী শুনানি।

এদিকে, বিজেপি এই ঘটনায় সি বি আই তদন্ত এবং অবিলম্বে দোষী পুলিশদের গ্রেফতারের দাবি জানিয়েছে। এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, ভোট পরবর্তী সময়ে রাজনৈতিক হিংসায় শাসক দল ছাড়াও পুলিশের মদত রয়েছে। অবিলম্বে জড়িত পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়া হলে দল সঞ্জয় বেরার পরিবারকে আইনী লড়াইয়ের জন্য সব ধরনের সাহায্য করবেও তিনি জানান।

ooooooooooooooooo

রেশন দুর্নীতি মামলায় অভিনেত্রী ঋতুপর্ণা সেনগুপ্ত আজ ইডি-র ডাকে সিজিও কমপ্লেক্সে হাজিরা দেন। টানা পাঁচ ঘণ্টা ধরে চলে জিজ্ঞাসাবাদ। তাঁর এক সংস্থায় দুর্নীতির টাকা ঢুকেছে বলে অভিযোগ। সিজিও কমপ্লেক্স থেকে বেরিয়ে সাংবাদিকদের তিনি জানান, তাঁর কাছ থেকে কিছু নথি চাওয়া হয়েছিল, যা তিনি জমা দিয়েছেন। তার সহযোগিতায় তদন্তকারী সংস্থা খুশি বলে উল্লেখ করেন অভিনেত্রী।

ooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার বারাসাতে ছেলেধরা সন্দেহে এক মহিলা সহ তিনজনকে গনপিটুনির ঘটনায় কামাখ্যা মন্দির সংলগ্ন এলাকা আজ রণক্ষেত্র হয়ে ওঠে।

পুলিশের সঙ্গে জনতার খণ্ডযুদ্ধ বেঁধে যায়। ভাঙচুর করা হয় পুলিশের গাড়ি। এই ঘটনায় ৬ জন গ্রেফতার হয়েছে। জানা গেছে, আজ সকালে অটোয়

ওঠার সময় স্থানীয় বাসিন্দারা শিশুচোর সন্দেহে ঐ তিনজনকে বেধড়ক মারধোর শুরু করে। খবর পেয়ে পুলিশ অকুস্থলে পৌঁছলে উত্তেজিত জনতা তাদের উপরেই পাল্টা চড়াও হয়। পরিস্থিতি নিয়ন্ত্রনে আনতে পুলিশ লাঠিচার্জ করে। গনধোলাইয়ের শিকার আহত ঐ মহিলা এবং তাঁর দুই সঙ্গীকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে, বারাসাতের পুলিশ সুপার প্রতীক্ষা ঝাড়খারিয়া জানিয়েছেন, শিশু চুরির কোনো ঘটনা ঘটেনি। এই নিয়ে মিথ্যে গুজব ছড়ানো হচ্ছে। স্কুলগুলির সামনে পুলিশ টহল দেবে। বাড়ানো হবে সিসিটিভির সংখ্যা।

অন্যদিকে, বারাসতের এসডিপিও বিদ্যাগার আজিংকা স্থানীয়দের সঙ্গে কথা বলে গুজবে কান না দেওয়ার অনুরোধ জানান।

উল্লেখ্য, সম্প্রতি কাজিপাড়ায় ১১ বছরের বালককে শ্বাসরোধ করে খুনের ঘটনার পর থেকেই শিশু চুরির গুজব ছড়িয়েছে।

ooooooooooooooooooo

আদিবাসী মানুষজনের মধ্যেই Sickle Cell সম্পর্কিত রোগ ব্যাধি দেখা যায়, এই ধারনা অত্যন্ত ভ্রান্ত বলে আদিবাসী বিষয়ক মন্ত্রী জুয়েল ওরাং আজ মন্তব্য করেছেন। নতুন দিল্লি-র এইমসে Sickle Cell ব্যাধি সম্পর্কিত একটি জাতীয় সম্মেলনে ভাষণে শ্রী ওরাং বলেন, দেশে আরও বেশি সংখ্যক মানুষের মধ্যে এই রোগ সম্পর্কে সচেতনতা গড়ে তুলতে হবে। মানব কল্যাণের দৃষ্টি ভঙ্গী থেকে বিষয়টিকে দেখা প্রয়োজন বলেও তিনি উল্লেখ্য করেন। Sickle Cell জনিত ব্যধি নিয়ন্ত্রণে গ্রাম পঞ্চায়েত এবং অঙ্গণওয়াড়িস্তরে কাজ করা প্রয়োজন বলেও তিনি উল্লেখ করেন।

oooooooooooooooooo

খরিফ ও রবি মরশুমে রেকর্ড শস্য উৎপাদনের লক্ষ্যকে সামনে রেখে রাজ্য সরকার বেশকিছু পরিকল্পনা নিয়েছে। ফসল ধারণ ক্ষমতা বাড়াতে মাটির স্বাস্থ্য পরীক্ষার কাজ আগামী ১৫ জুলাইয়ের মধ্যে শেষ করার নির্দেশ দেওয়া হয়েছে। এর পাশাপাশি, রাজ্যের অধীন কৃষি খামারগুলিতে আরও বেশি সংখ্যায় ফলের গাছ লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। খামারগুলিতে পর্যাপ্ত জলের জোগান নিশ্চিত করতে পুকুর কাটা হবে। এছাড়া, দার্জিলিং ও কালিম্পংয়ের মতো পাহাড়ি এলাকায় ধানের বদলে বিকল্প চাষের উপর জোর দেওয়ার নির্দেশ দেওয়া হচ্ছে। পাহাড়ি অঞ্চলের পাশাপাশি বাঁকুড়া ও পুরুলিয়ার মতো অন্য রুক্ষ এলাকাগুলিকেও এমন অগ্রাধিকারের তালিকায় রাখা হয়েছে। একইসঙ্গে জেলায় জেলায় কতটা সারের প্রয়োজন এবং কতটা জোগান রয়েছে, তা দেখতে এলাকায় এলাকায় কৃষিদপ্তরের আধিকারিকরা যাবেন বলেও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সারের অতিরিক্ত দাম নিলে ডিলারদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার জন্য জেলার কৃষি আধিকরিকদের নির্দেশ দিয়েছে সরকার। একই সঙ্গে সারের জোগান ঠিক রাখতে কেন্দ্রকেও অনুরোধ জানানো হয়েছে।

সব জেলার সঙ্গে এক বৈঠকে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানান, কৃষিক্ষেত্রে এরাজ্যকে মডেল নির্বাচিত করেছে কেন্দ্র। রাজ্যের নিজস্ব প্রকল্পের পাশাপাশি কেন্দ্রীয় প্রকল্পের কাজও রাজ্যে ভালোভাবে রূপায়িত হয়েছে। মূলত রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনার কাজে রাজ্য নতুন নজির গড়েছে। সেকারণেই নয়াদিল্লিতে অনুষ্ঠিত সাম্প্রতিক এক বৈঠকে পূর্ব ভারতের অন্যান্য

রাজ্যের আধিকারিকদের সামনে এরাজ্যকে মডেল হিসেবে তুলে ধরেছে কৃষিমন্ত্রক।।

০০০০০০০০০০০০০০০০

নর্থ সাউথ করিডরে, কবি সুভাষ ও দমদম থেকে রাত্রিকালীন বিশেষ মেট্রো পরিষেবার সময় আরও ২০ মিনিট এগিয়ে এনেছে মেট্রো রেল। আজ এক বিবৃতিতে মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, আগামী ২৪-শে জুন, সোমবার থেকে ব্লু-লাইনে রাত ১১টার পরিবর্তে রাত ১০-টা ৪০ মিনিটে ট্রেন ছাড়বে। সোম থেকে শুক্র এই পরিষেবা মিলবে। তবে, শুধুমাত্র ইউ পি আই পদ্ধতি ব্যবহার করে স্টেশনগুলিতে বসানো ASCRM মেশিন থেকে টোকেন কেনা যাবে। স্মার্ট কার্ড ব্যবহার করেও ট্রেনে চড়তে পারবেন যাত্রীরা।

উল্লেখ্য, গত ২৪ মে থেকে পরীক্ষামূলকভাবে শুরু রাত্রীকালীন পরিষেবা তেমন জনপ্রিয় না হওয়াতেই সময়সূচী পরিবর্তনের এই সিদ্ধান্ত।

০০০০০০০০০০০০০০০০০

আষাঢ়ের শুরুতেও চরম ঘর্মাক্ত এবং অস্বস্তিকর আবহাওয়ায় নাকাল দক্ষিণবঙ্গবাসী। বিক্ষিপ্তভাবে দু-এক পশলা বৃষ্টি হলেও আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করেনি। আগামী কয়েকদিন বৃষ্টির সেরকম সম্ভাবনাও কোথাও নেই।

কলকাতা সহ দক্ষিণবঙ্গের আকাশ আজ সারাদিনই ছিল মেঘলা, ফলে আর্দ্রতাজনিত অস্বস্তি আরও বেড়েছে।

উত্তর-পূর্ব বাংলাদেশ এবং তার পার্শ্ববর্তী এলাকায় সমুদ্র পৃষ্ঠ থেকে এক কিলোমিটারেরও কম উচ্চতায় ঘূর্ণাবর্ত অবস্থান করছে। অক্ষরেখা

বিস্তৃত রয়েছে উত্তরবঙ্গের ওপর। এরফলে সমুদ্র থেকে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করলেও তার সুফল দক্ষিণবঙ্গ পাচ্ছে না। আগামী পাঁচদিন উত্তরের জেলাগুলিতে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্ক বার্তা রয়েছে। শুক্রবার পর্যন্ত দক্ষিণবঙ্গে হাল্কা বৃষ্টির সম্ভাবনা থাকছে।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo